



ড্যাফোডিল ভার্শিটিতে উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক লোকবক্তৃতা

বাংলাদেশ খুব দ্রুতই সিঙ্গাপুর, মালয়েশিয়া ও তাইওয়ানের চেয়ে উন্নত দেশে পরিণত হবে বলে মনে করেন মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক মোস্তফা কামাল। এজন্য নিজের ইচ্ছাশক্তি, মেধা ও পরিশ্রমকে ব্যবহার করতে তরুণ শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন এ শিল্পোদ্যোক্তা। ৩০ জুলাই ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে আয়োজিত 'উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক ডিআইইউ ইন্ডাস্ট্রি একাডেমিয়া বক্তৃতামালা' অনুষ্ঠানের ১৩তম পর্বের বক্তৃতায় প্রধান অতিথির বক্তব্য তিনি এসব কথা বলেন। ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন— বাংলাদেশে নিযুক্ত কোরিয়া দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি চো মিং ইয়ং, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. ইউসুফ এম ইসলাম প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।